# উদ্ভাবন বিষয়ক প্রকাশনা




**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭**

Scanned with CamScanner

"বিপুল সংখ্যক তরুণ সমাজের জন্য একটি
তথ্যপ্রযুক্তি নির্ভর আধুনিক ডিজিটাল বাংলাদেশ
বিনির্মাণ সরকারের অঙ্গিকার। আজ ডিজিটাল
বাংলাদেশ স্বপ্ন নয়, বাস্তবতা।
ডিজিটাল বাংলাদেশ এখন বিশ্বের কাছে রোল
মডেল যা অন্যান্য, দেশও গ্রহণ করছে।"



**শেখ হাসিনা**, এমপি
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Scanned with CamScanner

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

মুজিব শতবর্ষ MUJIB 100

"তরুণদের মেধা নতুন নতুন চিন্তাধারা
সৃজনশীল মনোভাব দেশকে সামনের দিকে
অনেক দূর এগিয়ে নেবে।"




**জনাব সজীব ওয়াজেদ**

মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য
ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা

Scanned with CamScanner

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

“আমাদের দেশে যদি ১৬ কোটি মানুষের
জন্য দেশীয় ডিজিটাল ডিভাইস উৎপাদন করতে পারি
তাহলে যেমন আমদানির বিকল্প তৈরি হবে, একইসাথে
নিজেদের দেশের নেটওয়ার্ক তৈরির ক্ষেত্রটি
আমরা শক্তিশালী করতে পারব।”



**জনাব এ.কে.এম.রহমতুল্লাহ, এমপি**

সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি ডাক
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

Scanned with CamScanner

"একজন ডাক্তার, আইনজীবী কিংবা
রাজনীতিবিদ যে পেশারই লোক হোন না কেন,
তিনি যদি তার ক্ষেত্রে সফল হতে চান তাহলে তাকে অবশ্যই
প্রযুক্তির সফল ব্যবহার সম্পর্কে জানতে হবে। বর্তমানে
পৃথিবীর সব জায়গায়, সকল পেশায় প্রযুক্তির সার্বিক
ব্যবহার হচ্ছে। কারণ পুরো পৃথিবীটাই
এখন প্রযুক্তি ও জ্ঞান নির্ভর।"



**জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি**
মাননীয় প্রতিমন্ত্রী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

Scanned with CamScanner

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

"সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠান যৌথভাবে
কাজ করলে সরকারি সেবার মান যেমন বৃদ্ধি পাবে,
তেমনি জনগণের বিশেষ করে সুবিধাবঞ্চিত জনগণের
সরকারি সেবা পেতে সময়, খরচ ও যাতায়াত
সংখ্যাও কমবে।"



এন এম জিয়াউল আলম, পিএএ
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

Scanned with CamScanner

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY


"কর্মসংস্থানের সুযোগ গড়ি,
হাই-টেক পার্কে বিনিয়োগ করি



জনাব হোসনে আরা বেগম, এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (সচিব)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

Scanned with CamScanner

# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের উদ্ভাবনী (ইনোভেশন) টিম



**জনাব জোহরা বেগম**
উপসচিব
ইনোভেশন অফিসার



**জনাব কল্যান কুমার সরকার**
ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব
সদস্য



**জনাব খাদিজা আক্তার**
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
সদস্য



**জনাব এস. এম. আল-মামুন**
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী
সদস্য



**জনাব মোঃ শফিক উদ্দীন ভুঁইয়া**
রিসার্চ অফিসার
সদস্য



**জনাব মোঃ মাহাবুল আলম**
এসিস্টেন্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সদস্য-সচিব

Scanned with CamScanner

# বাংলাদেশে হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সংক্ষিপ্ত পরিচিতি

দেশে হাই-টেক শিল্প তথা তথ্যপ্রযুক্তি নির্ভর শিল্পের বিকাশ ও উন্নয়নের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও কর্মসংস্থান সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০১০ এর আওতায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠালগ্ন হতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের মাধ্যমে দেশের বিপুল যুবশক্তির কর্মসংস্থান নিশ্চিত করা ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি করে আর্থ সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রশাসনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানটির কার্যক্রম তদারকি ও দিক নির্দেশনা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রীর সভাপতিত্বে নির্বাহী কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বোর্ড অব গভর্নরস (বিওজি) রয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সারাদেশে ৩৯ টি হাই-টেক পার্ক (এইচটিপি)/সফটওয়্যার টেকনোলজি পার্ক(এসটিপি)/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করেছে। ইতোমধ্যে ৫ (পাঁচ) টি পার্কের নির্মাণ কাজ শেষ হয়েছে ও ব্যবসায়িক কার্যক্রম চলছে। বাকী পার্কগুলোর নির্মাণ কাজ চলমান রয়েছে।

**রূপকল্প (Vision):** বাংলাদেশে আইটি/হাই-টেক শিল্পের টেকসই উন্নয়ন ও বিকাশ।

**অভিলক্ষ্য (Mission):** তথ্য-প্রযুক্তি শিল্পের জন্য আন্তর্জাতিক মানের অবকাঠমো/স্থাপনা প্রতিষ্ঠার মাধ্যমে বিনিয়োগের অনুকূল ও টেকসই পরিবেশ এবং তথ্য-প্রযুক্তি নির্ভর শিল্পের ইকোসিস্টেম তৈরির লক্ষ্যে সকল সেবা ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে সম্পন্ন করা।

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যাবলি:**

আইটি /আইটিইএস সেক্টরে বিনিয়োগ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য উপযুক্ত বিনিয়োগ অবকাঠামো এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মূল দায়িত্ব। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নরূপ:



Scanned with CamScanner

বাংলাদেশে বিনিয়োগ অবকাঠামো হিসেবে হাই-টেক পার্ক নির্মাণের পরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়ন;

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত পার্কের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনা;
- হাই-টেক পার্কে বিশ্বমানের বিনিয়োগ বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ;
- হাই-টেক পার্ক ও সফটওয়ার টেকনোলজি পার্কে বিদেশি বিনিয়োগকারীদের বিনিয়োগে আকৃষ্টকরণ;
- হাই-টেক সেক্টরের এবং পার্কের বিনিয়োগকারীদের জন্য প্রয়োজনীয় দক্ষ মানব সম্পদ উন্নয়ন;
- সরকারি হাই-টেক পার্কের পাশাপাশি বেসরকারি পর্যায়ে হাই-টেক পার্ক ও সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন উৎসাহিত করণ;
- হাই-টেক সেক্টরের জন্য বিভিন্ন ফিসক্যাল, নন-ফিসক্যাল প্রণোদনাসহ বিনিয়োগের উপযুক্ত পলিসি, গাইডলাইনস ও আইন প্রণয়ন;
- বিভিন্ন পার্কে স্টার্ট-আপদের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নিশ্চিতকরাসহ দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তোলা;

## বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ইনোভেশন সম্পর্কিত কিছু কথা

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ২০১৬ সাল থেকে বিভিন্ন ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। উদ্ভাবনী উদ্যোগগুলো গ্রহণ করার ফলে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী এবং হাই-টেক পার্কে বিনিয়োগকারীগণ অনেক উপকৃত হচ্ছে। বাস্তবায়িত উদ্ভাবনগুলোর মধ্যে উল্লেযোগ্য উদ্ভাবনসমূহ (ইনোভেশন) নিচে দেখানো হলোঃ



Scanned with CamScanner

# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য ইনোভেশন

| | | |
|---|---|---|
| অনলাইন ওয়ান স্টপ সার্ভিস সফটওয়্যার | বিনিয়োগকারীদের জন্য আধুনিক ওয়েটিং রুম চালুকরণ | ডিজিটাল উপস্থিতি সিস্টেম চালুকরণ |
| বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের যানবাহন গুলোতে VTS স্থাপন | হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত জমি/স্পেস ভাড়া গ্রহণ প্রক্রিয়া সহজীকরণ সফটওয়্যার |

## অনলাইন ওয়ান স্টপ সার্ভিস

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ "অনলাইন ওয়ান স্টপ সার্ভিস সফটওয়্যার" তৈরীর মধ্য দিয়ে উদ্ভাবনের সূচনা করে। মূলতঃ বাংলাদেশের জনগনের জীবনমান দ্রুত উন্নয়নের স্বার্থে দেশি বিদেশি বিনিয়োগ পরিকল্পনা দ্রুত বাস্তবায়নকল্পে বিনিয়োগকারীগণকে তাদের প্রস্তাবিত কোন প্রকল্প বা উদ্যোগ এর জন্য প্রয়োজনীয় যেকোন সেবা, সুবিধা, প্রনোদনা, লাইসেন্স, অনুমতি, ছাড়পত্র বা পারমিট নির্দিষ্ট সময়ের মধ্যে নিশ্চিতকরণের লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ওয়ান স্টপ সার্ভিসের আওতায় ১৪৮ টি সেবার মধ্যে ২০ টি সেবা সহজিকরণ করে অনলাইনে প্রদান করছে এবং বাকি সেবাসমূহ উদ্ভাবনের আওতায় নিয়ে আসার কার্যক্রম চলমান রয়েছে।



Scanned with CamScanner

# অনলাইন ওয়ান স্টপ সার্ভিস




# হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, আইটি পার্ক, আইটি ভিলেজ, আইটি হাব এবং ইনকিউবেটর প্রতিষ্ঠা করছে। এ সকল পার্কে বিনিয়োগ আকর্ষণের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিনিয়োগকারীদের চাহিদা অনুযায়ী সেবা প্রদান করার লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ওয়ান স্টপ সার্ভিস চালু করেছে যা পূর্বে উল্লেখ করা হয়েছে। ওয়ান স্টপ সার্ভিস এর মাধ্যমে বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষের সেবা ছাড়াও বাইরের দপ্তরের বিভিন্ন সেবা গ্রহণ করতে হয়। সেক্ষেত্রে বিনিয়োগকারীদের অনেক সমস্যা (যেমনঃ সেবা গ্রহণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট, সেবার পদ্ধতি



Scanned with CamScanner

(অনলাইন না অফলাইন), সেবার সার্ভিস ফি, সেবা প্রদানের নির্ধারিত সময়, সেবাপ্রদানকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবাপ্রদানকারী দপ্তরের অবস্থান) ইত্যাদি সমস্যার সম্মুখীন হতে হয়। এসব সমস্যার সমাধানের জন্য হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার নামক উদ্ভাবন (ইনোভেশন) আইডিয়াটি বাস্তবায়ন করা হয়েছে। হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেমটি দেশী বিদেশী বিনিয়োগকারীদের এর ক্ষেত্রে বিজনেস জার্নি হিসেবে কাজ করবে।

## স্থিরচিত্রে হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার




বিনিয়োগ সম্পর্কিত স্বাগতম স্ক্রিন

বিনিয়োগকারী অথবা উদ্যোক্তাদের বাংলাদেশ হাই-টেক পার্কের অধীনে ব্যবসা শুরুর পদক্ষেপসমূহ






Scanned with CamScanner

# স্থিরচিত্রে হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার




বিনিয়োগকারী অথবা উদ্যোক্তাদের বাংলাদেশ হাই-টেক পার্কের অধীনে ব্যবসা শুরুর পদক্ষেপসমূহ

বিনিয়োগকারী বা উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রতিটি সেবার জন্য সংস্থার নাম, পরিষেবা সরবরাহের পদ্ধতি, প্রযোজ্য ফি, সময় এবং ফোকাল কর্মকর্তাসহ সকল বিবরণ উল্লেখ রয়েছে




সফটওয়্যারটির মাধ্যমে দেশী-বিদেশী বিনিয়োগকারীগণ এক প্ল্যাটফর্ম থেকেই বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষসহ সেবা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সকল তথ্য, সেবা গ্রহণের পদ্ধতি, সেবার জন্য সার্ভিস ফি, সেবা প্রদানের সময়, সেবাপ্রদানকারী দপ্তরের অবস্থান ইত্যাদি জানতে পারবেন।



Scanned with CamScanner

# স্থিরচিত্রে হাই-টেক পার্ক ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার


বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, আইটি পার্ক, আইটি ভিলেজ, আইটি হাব প্রতিষ্ঠা করছে। এ সকল পার্কে বরাদ্দপ্রাপ্ত বিনিয়োগকারীদের নিকট হতে জমি/স্পেস এর ভাড়া সংগ্রহ করতে হয়। ম্যানুয়ালি জমি/স্পেস এর ভাড়া সংগ্রহ করতে কর্তৃপক্ষ এবং ভাড়াটিয়াদের অনেক সমস্যার সম্মুখীন হতে হয় এবং এতে সময়েরও অপচয় হয়। ভাড়া গ্রহণ প্রক্রিয়াটি সহজিকরণের নিমিত্ত Online Integrated e-Payment System Software টি বাস্তবায়ন করা হয়েছে।

## সেবা প্রদানের ফ্লোচার্ট

### সহজিকরণের পূর্বে সেবা প্রদানের ফ্লোচার্ট




### সহজিকরণের পরে সেবা প্রদানের ফ্লোচার্ট







Scanned with CamScanner

BANGLADESH HI-TECH PARK AUTHORITY

মুজিব শতবর্ষ MUJIB 100

# স্থিরচিত্রে Online Integrated e-Pay





বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অধীনে সমস্ত পার্কের সামগ্রিক অবস্থার ড্যাশবোর্ড

e-Payment ওয়েবপোর্টালের ড্যাশবোর্ড, যার মাধ্যমে অ্যাকাউন্টস অফিসার পার্কের আওতায় নির্দিষ্ট অফিসের ভাড়া, পরিষেবা চার্জ, ইউটিলিটি বিল ইত্যাদিসহ সামগ্রিক স্ট্যাটাস




# সেবা সহজিকরণের আগের ও পরের অবস্থা

## সময়






Scanned with CamScanner













Scanned with CamScanner

# ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনসমূহ

প্রতিবছর উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করার উদ্দেশ্য হচ্ছে বিদ্যমান সেবা পদ্ধতির তুলনায় কোন সেবাকে সহজভাবে সেবাগ্রহিতার নিকট পৌছে দেওয়া এবং প্রয়োজনে বিদ্যমান সেবাটিকে ডিজিটাইজেশন করা। ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সেবা পদ্ধতি সহজিকরণ এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দুইটি উদ্ভাবন বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছেঃ (১) হাই-টেক পার্ক গাড়ি ব্যবস্থাপনা পদ্ধতি (Hi-Tech Park Vehicle Management System) এবং (২) আইওটি বেইসড চলমান উন্নয়ন প্রকল্প পর্যবেক্ষণ পদ্ধতি (IoT based Development Project Monitoring System)। নিম্নে উদ্ভাবন দুইটির সংক্ষিপ্ত বিবরণ আলোকপাত করা হয়েছেঃ

## Hi-Tech Park Vehicle Management System




Workflow of Hi-Tech Park Vehicle Management System



Scanned with CamScanner

Hi-Tech Park Vehicle Management System সফটওয়্যার এর মাধ্যমে হাই-টেক পার্কে প্রবেশকৃত সকল গাড়ি এবং গড়ির ড্রাইভার এর তথ্য রেকর্ড থাকবে। এতে করে পার্কের নিরাপত্তা বজায় রাখা সম্ভব হবে। Radio Frequency Identification (RFID) এর মাধ্যমে গাড়ি পর্যবেক্ষণ করা হবে ফলে যে কোন গাড়ি অটোমেটিকভাবে প্রবেশ এবং বের হতে পারবে। এতে সময়ের অপচয় রোধ হবে এবং ডিজিটাইজেশনে ভূমিকা রাখবে।

# IoT-based Development Project Monitoring System

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, আইটি পার্ক, আইটি ভিলেজ, আইটি হাব প্রতিষ্ঠাকরণের নিমিত্ত বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এ সকল প্রকল্পের কাজসমূহ বাস্তবায়নের জন্য সরেজমিনে পরিদর্শন, কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ, সার্বক্ষনিক প্রকল্পের কাজ তাদারকি করতে না পারা, প্রকল্প অফিস হতে প্রকল্প এলাকায় যাতায়াত ইত্যাদি নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এ সকল সমস্যা সমাধানের নিমিত্ত প্রক্রিয়াটি সহজিকরণের জন্য IoT-based Development Project Monitoring System টি বাস্তবায়ন করা হচ্ছে।



IoT-based Development Project Monitoring System



Scanned with CamScanner

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, আইটি পার্ক, আইটি ভিলেজ, আইটি হাব প্রতিষ্ঠাকরণের নিমিত্ত বিভিন্ন প্রকল্পের কার্যক্রম আইওটি-ভিত্তিক ডিজিটাল প্রকল্প ট্রাকিং সিস্টেম (আইওটি-ভিত্তিক ডিপিটিএস) এমন একটি সিষ্টেম যা কোন কিছু দূর থেকে পর্যবেক্ষণ করা যায়। প্রাথমিকভাবে এই সফটওয়্যারটিতে প্রকল্পের সমস্ত তথ্য প্রবেশ করিয়ে খুব সহজেই প্রতিদিনের কাজের অগ্রগতি, চ্যালেঞ্জ ইত্যাদি দেখা যাবে।

# স্থিরচিত্রে IoT-based Development Project Monitoring System




সিস্টেম মডিউল যার মাধ্যমে এডমিন ইউজার আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রকল্পের কার্যক্রম মনিটরিং করতে পারবে।



Scanned with CamScanner




কেন্দ্রীয় ড্যাশবোর্ড বা কাজের আপডেট প্যানেল যার মাধ্যমে ব্যবহারকারী প্রকল্পের সামগ্রিক কার্যক্রম যেমনঃ প্রতিদিনের কাজের অগ্রগতি, প্যাকেজ সংক্ষেপণ প্রতিবেদন, কোম্পানি বিস্তারিত প্রতিবেদন, প্যাকেজ অনুযায়ী আইটেম প্রতিবেদন পরিদর্শন করতে পারবে।



Scanned with CamScanner

# সেবা সহজিকরণের আগের ও পরের অবস্থা

| | সহজিকরণের আগে | সহজিকরণের পরে |
| --- | --- | --- |
| সময় | ৬ | ১ |
| খরচ | ৬০০ | ১০০ |
| যাতায়াত | ২ | ০ |
| জনবল | ২ | ০ |

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তত্ত্বাবধানে উদ্ভাবন কার্যক্রমের মাধ্যমেই বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ভবিষ্যতে দেশের অভ্যন্তরে ও বাইরের দেশে পরিচিতি লাভ করবে। উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের ফলেই সেবাগ্রহীতারা খুব সহজেই তাদের সেবা গ্রহণ করতে পারে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ অনেকগুলো সেবা সহজিকরণ করেছে সময়, যাতায়াত, খরচ এবং ধাপ কমিয়ে কিন্তু এগুলোকে ডিজিটাইজেশন করার সুযোগ রয়েছে। সহজিকরণকৃত সেবাসমূহ ডিজিটাইজেশন করা হলে সেবাগ্রহীতা আরও সহজে সেবা গ্রহণ করতে পারবে। ফলে এটি ডিজিটাল বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমরা চেষ্টা করব উদ্ভাবন কার্যক্রমকে আরও তরানিত্ব করতে এবং ডিজিটাল সেবায় রূপান্তর করতে। অনেকগুলো উদ্ভাবনী আইডিয়া ইতোমধ্যে চিন্তা করা হয়েছে সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন করতে অনেক সমসার সম্মুখীনও হতে হয় কিন্তু বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সকল চ্যালেঙ্গ মোকাবেলা করতে প্রস্তুত।

"ব্যর্থতা ছাড়া কোনও উদ্ভাবন এবং সৃজনশীলতা সম্ভব নয়"



Scanned with CamScanner

**Bangladesh Hi-Tech Park Authority**

ICT Division, Ministry of Posts Telecommunication
and Information Technology
ICT Tower, Level-9, Sher-e-Bangla Nagar
Agargaon, Dhaka-1207, Bangladesh.

www.bhtpa.gov.bd

DIGITAL BANGLADESH
Skilled. Equipped. Digital Ready.

ICT DIVISION
FUTURE IS HERE

BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

Scanned with CamScanner